Soma Mondal
Ranjan Kanti Dey
Pradip Dutta

প্রথম পক্ষের প্রতিভু হিসাবে সহি সম্পাদন করিয়া রেজিষ্ট্রী করিয়া দিতে পারেন তদ্‌জন্য প্রথম পক্ষগন দ্বিতীয় পক্ষগনের অনুকুলে রেজিষ্ট্রীকৃত ব্যাপক আমমোক্তার নামা দলিল সহি সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিলেন।

১১) অত্র চুক্তিপত্র সম্পাদনের দিন হইতে প্রথম পক্ষগনের অংশ বুঝাইয়া দিবার দিন পর্যন্ত 'ক' তপশীল ভুক্ত সম্পত্তির বকেয়া ট্যাকসাদী জল, বিদ্যুতের যাবতীয় ব্যায় দ্বিতীয় পক্ষ বহন করিবেন।

১২) 'ক' তপশীলে বর্নিত জমির উপর রাজপুর - সোনারপুর পৌরসভা কর্ত্তৃক অনুমোদিত নকসা অনুযায়ী জি প্লাস ফোর গৃহ নির্মান করিয়া দ্বিতীয় পক্ষগন প্রথম পক্ষগনকে লিখিত নোটিশ দিয়া পক্ষগনের প্রাপ্য 'খ' তপশীল বর্নিত প্রথম পক্ষের এ্যালটমেন্ট দখল ৩০ দিনের মধ্যে লইতে অনুরোধ করিবেন এবং উক্ত ৩০ দিনের মধ্যে প্রথম পক্ষগন নিম্ন 'খ' তপশীল বর্নিত তাহাদের এ্যালটমেন্ট দখল লইতে বাধ্য থাকিবেন। অন্যথায় উক্ত নোটিশ প্রদানের ৩১ তম দিন হইতে প্রথম পক্ষগন 'খ' তপশীল বর্নিত তাহাদিগের প্রাপ্য এ্যালটমেন্ট প্রাপ্ত হইয়াছেন বলিয়া পরিগনিত হইবে।

১৩) চুক্তিপত্র অনুযায়ী দ্বিতীয় পক্ষগন নির্মান সুসম্পন্ন করিলে এবং চুক্তি অনুযায়ী প্রথম পক্ষের 'খ' তপশীল বর্নিত এ্যালটমেন্ট প্রথম পক্ষকে প্রদান করিলে প্রথম পক্ষগন চুক্তির মেয়াদ মধ্যে এমন কোন কার্য্য করিবেন না যাহার দ্বারা উক্ত নতুন বাটির নির্মান কার্য্য ব্যাহত হয় বা দ্বিতীয় পক্ষগনের নির্মিত অংশ বিক্রয় করিতে কোনরূপ অসুবিধা হয় বা বাধা প্রাপ্ত হয়।

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas

Addl. Dist.-Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal.
Ranjan Kanti Deb.
Pradip Datta.

১৪) অত্র চুক্তিপত্র সহি সম্পাদন এর তারিখে প্রথম পক্ষগন দ্বিতীয় পক্ষগনকে নিম্ন ‘ক’ তপশীলে বর্নিত জমির স্বত্ব সংক্রান্ত যাবতীয় অরিজিনাল দলিলাদি প্রদান করিলেন এবং দ্বিতীয় পক্ষগন যে যে অরিজিনাল ডকুমেন্টস্ পাইলেন সেগুলি লিস্ট করিয়া উক্ত লিস্টে প্রাপ্তী স্বীকারে রসিদ প্রদান করিবেন।

১৫) দ্বিতীয় পক্ষগন উক্ত বাটী তাহাদের নিজ দায়িত্বে নির্মান করিবেন। নির্মান কার্য্য চলাকালীন কনট্রাক্টর বা কর্মচারীদের মাহিনা, মাল মসলার দাম বা অন্য কোন বহিরাগত পক্ষের দাবি দাওয়া দ্বিতীয় পক্ষগন বহন করিবেন তাহাতে প্রথম পক্ষগনের কোনরূপ দায় বা দায়িত্ব রহিল না, দ্বিতীয় পক্ষগন প্রথম পক্ষগনকে এ ব্যাপারে ইনডেমনিটি দিতেছেন।

১৬) দ্বিতীয় পক্ষগন নির্মান কার্য্য করিতে তাঁহাদের মনোনীত আর্কিটেক্ট, লেবার কন্ট্রাক্টার বা এল. বি. এস. দ্বারা নির্মান কার্য্যের যাবতীয় ব্যয় সম্পূর্ণ করিবেন এবং নির্মান কার্য্য চলাকালীন উক্ত ‘ক’ তপশীল ভুক্ত সম্পত্তির নির্মান কার্য্যের সম্পত্তি বলিয়া পরিগনিত হইবে।

১৭) প্রস্তাবিত বহুতল গৃহের ছাদ পক্ষগন যে কোন ব্যাক্তি প্রতিষ্ঠানকে ভাড়া প্রদান করিতে পারিবেন উভয় পক্ষের সহমতে। অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষগন ৫০ শতাংশ এবং দ্বিতীয় পক্ষগন ৫০ শতাংশ পাইবেন।

১৮) উক্ত বহুতল বাটীর নাম উভয় পক্ষ আলোচনা করিয়া বহুতল বাড়ির নাম মন্মথ নাথ কমপ্লেক্স স্থির করা হইল।

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas *
অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগণা * ছাপ মোহর
সত্যমেব জয়তে

Addl. Dist.-Sub Registrar
Sonarpur
South 24 Parganas

17 SEP 2023

Soma Mondal.
Ranjan Kanti Deb.
Pradip Dutta.

১৯) প্রথম পক্ষগন দ্বিতীয় পক্ষগনের অনুরোধে ও খরচায় প্রয়োজন বোধে যাবতীয় চিঠিপত্র, ঘোষণাপত্র, আমমোক্তার নামা দলিল মায় দ্বিতীয় পক্ষগনের এ্যালটমেন্ট ভুক্ত 'গ' তপশীল বর্ণিত গ্যারেজ, ওপেন গ্যারেজ, কমার্শিয়াল স্পেস, দোকান ঘর, অফিস স্পেস সমূহ এবং ফ্ল্যাট সমূহ মায় আনুপাতিক 'ক' তপশীল বর্ণিত জমি সহ ও 'ঘ' তপশীলে বর্ণিত যৌথ সুযোগ সুবিধার সমানুপাতিক অংশের বিক্রয় চুক্তিপত্র বা বিক্রয় কোবালায় বিনা ওজর আপত্তিতে সহি সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিলেন।

২০) নির্মান কার্য্য চলাকালীন এবং দ্বিতীয় পক্ষগনের অংশ বিক্রয় না হওয়া পর্যন্ত যদি কোন মালিকের বা প্রথম পক্ষগনের কোন ব্যাক্তির মৃত্যু ঘটে সেক্ষেত্রে মৃত মালিকের ওয়ারিশগন দ্বিতীয় পক্ষগনকে নতুন আমমোক্তার নামা সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিবেন এবং অত্র চুক্তিপত্রের শর্ত্তাদি সমস্ত মানিয়া চলিবেন। কোন একজন সরিকের অসহযোগীতা সকলের দায় রূপে বর্ত্তাইবে।

২১) অত্র চুক্তিপত্র উভয় পক্ষের ওয়ারিশানগন বা স্থলাভিষিক্তগনের উপর বাধ্যকর হইবে অন্যথায় চুক্তি ভঙ্গকারী পক্ষ অপর পক্ষকে ক্ষতি পুরন দিতে বাধ্য থাকিবেন এবং উক্ত ক্ষতি পুরন শর্ত্ত ভঙ্গকারীর অংশের উপর চার্জ হিসাবে গন্য হইবে।

২২) 'ক' তপশীলের বর্নিত সম্পত্তিতে যে বহুতল গৃহ নির্মিত হইবে উক্ত বহুতল গৃহকে বৈদ্যুতিক করনের নিমিত্ত ট্রান্সফরমাদি বসানোর জন্য যাহা কিছু ব্যায় হইবে তাহা দ্বিতীয় পক্ষগন বহন করিতে বাধ্য থাকিবেন। আরও প্রকাশ থাকে যে,

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas *

অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগণা - এর মোহর *

Addl. Dist. Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Sona Mondal.
Ranjan Kanti Dey
Pradip Maity.

কোন পক্ষ বহুতল গৃহের কোন অংশ কোন মেশিনাদি বসাইতে পারিবে না যাহাতে গৃহাদীর এবং আবাসিকগনের কোন প্রকার ক্ষতি হইবার সম্ভাবনা থাকিবে। কোন দাহ্য পদার্থের ব্যবসায় উক্ত বহুতল গৃহের কোন অংশ ব্যবহার করা যাইবে না। কমন ও কমার্শিয়াল স্পেসের জন্য এবং ফ্ল্যাটের জন্য পৃথক জেনেরেটার 'ক' তপশীলে বর্ণিত সম্পত্তির মধ্যে যে জায়গা সাইড স্পেস বা ব্যাক স্পেস হিসাবে থাকিবে তাহার উপর অস্থায়ী কনস্ট্রাকশান করিয়া বসানো হইবে। মালিক পক্ষকে ১ টি জেনারেটার ও ডেভেলপারের ১ টি জেনেরেটার মোট ২ টি জেনেরেটার বসানো হইবে। তাহা সম্পূর্ণ খরচ দ্বিতীয় পক্ষ বা ডেভেলপার বহন করিবে।

২৩) অত্র চুক্তিপত্র রেজিষ্ট্রী অফিস হইতে রেজিষ্ট্রী হইবার তারিখ হইতে ৭ দিনের মধ্যে প্রথম পক্ষগন দ্বিতীয় পক্ষগনকে নিম্ন 'ক' তপশীলে বর্নিত সম্পত্তি খাস দখল প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২৪) অত্র চুক্তিপত্রের শর্ত্ত সমুহের প্রত্যেকটি দফা একে অন্যের পরিপূরক এবং যে কোন একটি অমান্যের অর্থ সমগ্র চুক্তিপত্রের খেলাপ বলিয়া পরিগনিত হইবে।

২৫) রাজপুর - সোনারপুর মিউনিসিপ্যালিটি কর্তৃক 'ক' তপশীলে বিশেষ ভাবে বর্ণিত জমির উপর প্রস্তাবিত বহুতল গৃহের নকসা অনুমোদিত হইবার পর পক্ষগন একটি সাপ্লিমেন্টারি চুক্তিপত্রের দ্বারা প্রথম পক্ষের এ্যালটমেন্টের গ্যারেজ, ওপেন গ্যারেজ, কমার্শিয়াল স্পেস, দোকান ঘর, অফিস স্পেস সমূহ এবং ফ্ল্যাট সমূহ এবং দ্বিতীয় পক্ষের প্রাপ্ত গ্যারেজ, কমার্শিয়াল স্পেস, দোকান ঘর, অফিস স্পেশ এবং ফ্ল্যাট সমূহগুলি চিহ্নিত এবং নির্দিষ্ট করিয়া লইবেন।

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas

অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগণা - এর মোহর

সত্যমেব জয়তে

Addl. Dist. Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal.
Ranjan Kanti Deb.
Troubly Datta.

২৬) নিম্ন 'ক' তপশীলে বর্ণিত জি প্লাস ফোর স্টোরেড বিল্ডিং নির্মানান্তে প্রথম পক্ষগনকে নিম্ন 'খ' তপশীলে বর্ণিত দোকান ঘর, কমার্শিয়াল স্পেস, অফিস স্পেস এবং ফ্ল্যাট সমূহের দখল হস্তান্তর করিবার দিন হইতে যতদিন না ওয়েস্টবেঙ্গল এ্যাপার্টমেন্ট ওনারশিপ এ্যাকট অনুযায়ী অত্র এ্যাপার্টমেন্ট মালিকগন রেজিস্টার্ড কমিটি ফরম্ করিবেন ততদিন পর্যন্ত উক্ত বিল্ডিং টির রক্ষনা বেক্ষন এবং মেইনটেন্সের দায়িত্ব উভয় পক্ষের কমিটির থাকিবে। বর্তমান বাজার দর অনুযায়ী ডোমেস্টিক এর জন্য প্রতি স্কোয়ার ফিট ১ টাকা এবং কমার্শিয়াল এর জন্য প্রতি স্কোয়ার ফিট জন্য ১.৫ টাকা বিল্ডিং রক্ষনা বেক্ষন ও বিল্ডিং মেন্টেন্যান্সের জন্য প্রত্যেকে কমিটিকে দিতে বাধ্য থাকিবেন, যাহা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে কমিটি ফান্ডে জমা দিতে হইবে এবং প্রতি তিন বৎসর অন্তর ২০ শতাংশ হারে বৃদ্ধি পাইবে। ওয়েস্ট বেঙ্গল এ্যাপার্টমেন্ট ওনারসিপ অনুযায়ী রেজিস্টার্ড কমিটি ফরম্ হইলে উক্ত কমিটির উপর উক্ত রূপ মেইনটেন্সের দায়িত্ব ন্যস্ত হইবে।

২৭) অত্র চুক্তিপত্রের দ্বিতীয় পক্ষ নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমিতে তাহার মনোনিত উপযুক্ত সার্ভেয়ার দ্বারা মাপ জরিপ করাইয়া সীমানা সহরত বুঝ সমুজ করিয়া লইবেন এবং প্রথম পক্ষ উপস্থিত থাকিয়া উহা বুঝিয়া দিবেন।

২৮) অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমিতে তাহার প্রাপ্য ফ্ল্যাটের দরুন ইলেকট্রিক মিটার, কমন ইলেকট্রিক এর খরচ খরচাদি প্রথম পক্ষ বহন করিবেন।

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas

অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগণা - এর মোহর

सत्यमेव जयते

Addl. Dist.-Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal.
Ranjan Kanti Dee
Pradip Datta.

২৯) উক্ত গৃহাদীর ছাদের উপর দুইটি জলের ট্যাঙ্ক নির্মিত হইবে ও উক্ত গৃহাদীতে দুইটি পাম্প বসানো হইবে যাহা একটি কমার্শিয়াল ও একটি ডোমেস্টিক, যাহার সম্পূর্ণ খরচা দ্বিতীয় পক্ষ বহন করিবে।

৩০) ডোমেস্টিক ও কমার্শিয়াল দুই খানি কমন ইলেকট্রিক মিটার দ্বিতীয় পক্ষ স্থাপন করিবেন।

৩১) উক্ত গৃহাদী ফ্ল্যাট ও দোকান ঘরের কমন খরচা বাবদ উভয় পক্ষ ৫০,০০০্ টাকা দিতে বাধ্য থাকিবেন এবং উক্ত টাকা জমা দেওয়ার পর চাবি পাইবেন। কেউ যদি ফ্ল্যাট বা দোকান রিসেল বা বিক্রী করেন তবে ফ্ল্যাটের জন্য ৫০,০০০্ টাকা এবং দোকানের জন্য ২০,০০০্ টাকা কমিটিকে প্রদান করিতে বাধ্য থাকিবেন। তাহাতে কেহ কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না।

৩২) প্রতি দোকানে অত্র দ্বিতীয় পক্ষ নিজ খরচায় জলের লাইন করিয়া ১টি করে পয়েন্ট দিতে বাধ্য থাকিবেন।

৩৩) উক্ত আমমোক্তারদ্বয় অত্র আমমোক্তার নামা বলে ব্যাঙ্ক ও অন্যান্য ফিনান্সিয়াল ইনস্টিটিউশান হইতে নিম্ন ‘খ’ তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি বা ডেভেলপার্স এ্যালোকেশান মর্টগেজ রাখিয়া লোন লইতে পারিবেন।

৩৪) ডেভেলপার্স এ্যালোকেশানের কোন খরিদ্দার যদি কোন ব্যাঙ্ক বা অন্য কোন ফিনান্সিয়াল ইনস্টিটিউট হইতে লোন লইয়া খরিদ করেন তবে উক্ত লোন

Addl. Dist. Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal
Ranjan Kanti Dey
Pradip Dutta

সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদিতে অত্র আমমোক্তারদ্বয় অত্র আমমোক্তার নামা দলিল বলে আমাদের পক্ষে আমাদের নাম বঃ কলমে সহি সম্পাদন করিতে পারিবেন।

৩৫) পক্ষগনের মধ্যে অত্র চুক্তিপত্রের কোন শর্ত লইয়া কোন প্রকার বিরোধ উপস্থিত হইয়া পক্ষগন আরবিট্রেশান এ্যান্ড কনসিলিয়েসন এ্যাক্ট্ ১৯৯৬ এর বিধান অনুযায়ী একজন আরবিট্রেটর নিযুক্ত করিবেন, উক্ত আরবিট্রেটর কর্ত্তৃক এ্যাওয়ার্ড উভয় পক্ষের উপর বাধ্যকর হইবে।

৩৬) অত্র চুক্তিপত্রের কোনও শর্ত বা দাবি লইয়া অত্র চুক্তিপত্রের উভয় পক্ষ নিয়োজিত একক আরবিট্রেটর মাধ্যমে মিমাংসা করিয়া লইবেন এবং উক্ত একক আরবিট্রেটর এর সিদ্ধান্ত বা মতামত অত্র চুক্তিপত্রের উভয় পক্ষগন মানিয়া লইবেন।

৩৭) নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমিতে অত্র চুক্তিপত্রের উপরি উল্লেখিত যাবতীয় শর্তে মোতাবেক অত্র চুক্তিপত্রের দ্বিতীয় পক্ষ নির্মানকার্য্য করাইলে বা কোন শর্ত ভঙ্গ না করিলে অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ কোন ভাবে অত্র চুক্তিপত্র বাতিল বা রিভোক করিতে পারিবেন না।

-ঃ 'ক' তপশীল বর্নিত সম্পত্তির পরিচয় ঃ-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যা. ডি. সাব রেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগনা - মেদনমল্ল, মৌজা - সোনারপুর গ্রামের জে. এল. নং - ৩৯, রে. সা. নং -

Seal of the Additional District Sub-Registrar ★ Sonarpur ★ South 24 Parganas ★

অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক ★ দক্ষিণ ২৪ পরগণা - এর মোহর

সত্যমেব জয়তে

Addl. Dist. Sub Registrar
Sonarpur
South 24 Parganas
27 SEP 2023

১৩, তৌজি নং ১০৯, রাজপুর - সোনারপুর পৌরসভার ১৩ নং ওয়ার্ডের এলাকাধীন যাহার হোল্ডিং নং ২৭৯, আর. এস. ৯৭২ নয় শত বাহাত্তর নং খতিয়ান ভুক্ত আর. এস. ৪৩৬ চার শত ছত্রিশ নং দাগে ১০.৬৬ শতক জমি ও আর. এস. ৫৭৫ পাঁচ শত পঁচাত্তর নং খতিয়ান ভুক্ত আর. এস. ৪৩৯ চার শত উনচল্লিশ ও ৪৪০ চার শত চল্লিশ নং দাগে ২ শতক জমি, মোট ১২.৬৬ শতক জমির মধ্যে প্রথম পক্ষ ১/৬ অংশে ২.১১ শতক জমির মালিক হইতেছেন।

-ঃ 'খ' তপশীল ঃ-

(মালিক বা প্রথম পক্ষের প্রাপ্ত অংশ)

শপ নং - ৩ (গ্রাউন্ড ফ্লোর), ফ্ল্যাট নং - ডি (থার্ড ফ্লোর) ও ওপনে কার পার্কিং নং - ১।

-ঃ 'গ' তপশীল ঃ-

(ডেভেলপার বা দ্বিতীয় পক্ষে প্রাপ্ত অংশ)

উপরি বর্নিত 'ক' তপশীল ভুক্ত সম্পত্তির উপর রাজপুর - সোনারপুর পৌরসভা কর্তৃক অনুমোদিত নকসা অনুযায়ী নির্মিত জি প্লাস পোর স্টোরেড বিল্ডিং এর ৫০ শতাংশ বিল্ট আপ এরিয়া তৎসহ 'ক' তপশীলে বর্ণিত জমির সমানুপাতিক অংশ এবং 'ঘ' তপশীলে বর্ণিত যৌথ সুযোগ সুবিধার সমানুপাতিক অংশ।

গ্রাউন্ড ফ্লোরে পার্কিং - পি৫, পি৬।

গ্রাউন্ড ফ্লোরে বা একতলে দোকান ঘর - শপ নং ১০ এবং ১১।

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur * South 24 Parganas

অতিরিক্ত জেলা সহকারী নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগণা

সত্যমেব জয়তে

Addl. Dist. Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal
Ranjan Kanti Dey
Pradip Datta

ফার্স্ট ফ্লোর বা দ্বিতলে কমার্শিয়াল স্পেস ১এ এবং ২এ।

সেকেন্ড ফ্লোর বা ত্রিতলে ফ্ল্যাট নং সি ও ডি (দুইটি ফ্ল্যাট)।

থার্ড ফ্লোর বা চতুর্থ তলে ফ্ল্যাট নং 'সি' (একটি ফ্ল্যাট)।

ফোর্থ ফ্লোর বা পঞ্চম তলে ফ্ল্যাট নং 'বি' (একটি ফ্ল্যাট)।

-ঃ 'ঘ' তপশীল ঃ-

(কমন এরিয়া সুযোগ সুবিধা ও ইজমেন্ট স্বত্বাদি)

১) মেইন গেট হইতে অন্যান্য ফ্ল্যাট মালিকদের সহিত চলাচল এর রাস্তার উপর দিয়া ভিতরে যাইবার এবং বাহির হইবার অধিকার।

২) সর্ব্বোচ্চ্যতল ব্যবহারের ইজমেন্ট স্বত্বাদি।

৩) কমন প্যাসেজের উপর দিয়া অন্যান্য ফ্ল্যাট মালিক গনের সহিত ইলেকট্রিক লাইন, জলের পাইপ, টেলিফোন লাইনে, কেবল লাইন কানেকশান লইবার অধিকার ও এ. সি. লাইন নেওয়ার অধিকার।

৪) কমন এরিয়া বা বিল্ডিং এর বাহিরের দেওয়ালে গঠিত পাইপ লাইন দ্বারা জল নিকাশী ড্রেন ব্যবহারের সুবিধা।

৫) উক্ত গৃহাদী সুরক্ষা করিবার বা রাখিবার অধিকার।

৬) কমন প্যাসেজ দিয়া রিপেয়ারিং কার্য্য করিবার সময় মালপত্র লইয়া যাইবার অধিকার। জরুরী কার্য্যের সময় অন্যান্য ফ্ল্যাট মালিক গনকে ৪৮ ঘন্টার নোটিশ দ্বারা জ্ঞাত করাইয়া রিপেয়ারিং (ড্রেনেজ, ইলেকট্রিক ইত্যাদি) করিবার অধিকার।

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas
অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগণা

Addl. Dist. Sub-Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal
Ranjan Kanti Dey,
Pradip Datta.

৭) সিঁড়ি, সিঁড়ি ল্যান্ডিং, পানীয় জলের রিজারভার সেফটিক ট্যাঙ্ক এবং অন্যান্য কমন সুযোগ সুবিধা অন্যান্য ফ্ল্যাট মালিক গনের সহিত ব্যবহারের সুবিধা।

-ঃ 'ঙ' তপশীল ঃ-

(ভাড়াটিয়ার অংশ)

১) মাইলেজ (খোকন ধর) - গ্রাউন্ড ফ্লোরে বা একতলে দোকান ঘর - শপ নং ৯।

২) স্টাইল সেলুন (ধীরেন্দ্র নাথ ঠাকুর) - গ্রাউন্ড ফ্লোরে বা একতলে দোকান ঘর - শপ নং ১।

-ঃ 'চ' তপশীল ঃ-

ফাউন্ডেশান বা ভীত ঃ আর. সি. সি. ফাউন্ডেশান সুপার স্ট্রাকচারস্, আর. সি. সি. ফ্রেমের স্ট্রাকচার, পিলার, বীম ও স্ল্যাব ইত্যাদি বাহিরের দেওয়াল ৮" ইঞ্চি এবং পার্টিশান দেওয়াল ৩" ইঞ্চি দেওয়াল পূট্টি হইবে।

মেঝে ঃ ভিট্রিফায়েড টাইলস্ (২' ২') হইবে।

স্টাইল ঃ এক্সকুইসিট ডিজাইনের অলিভেশন হইবে।

দেওয়াল ঃ ভিতরের দেওয়াল পূট্টি হইবে।

রান্নাঘর ঃ মেঝে ভিট্রিফায়েড টাইলসের হইবে, সেরামিক টাইলস গ্রানাইড প্ল্যাটফর্ম হইবে, স্টেইনলেন স্টিলের সিঙ্ক হইবে।

Seal of the Additional District Sub-Registrar ★ Sonarpur ★ South 24 Parganas ★

অতিরিক্ত জেলা অবর নিবন্ধক ★ সোনারপুর ★ দক্ষিণ ২৪ পরগণা - এর মোহর

सत्यमेव जयते

Addl. Dist.-Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

Soma Mondal
Ranjan kanti Deb.
Pradip Datta.

সিঁড়ি ঃ সিঁড়ি মার্বেলের হইবে।

বাথরুম ঃ মেঝে ১´ ১´ ভিট্রিফায়েড টাইলসের হইবে। ড্যাডোর জন্য সেরামিক টাইলস হইবে এবং স্ট্যান্ডই সি. পি. ফিটিংস দেওয়া হইবে। উন্নতমানের স্যানিটার সরঞ্জাম ফিট করা (হিন্দ ওয়ার) হইবে।

দরজা ঃ ১) বাহিরের দরজা কাঠের দরজা হইবে,

২) ভিতরের দরজা উন্নত মানের কেবল বাউন্ডেড ফ্লাস দরজা হইবে।

৩) বাথরুমের দরজা উন্নত মানের পি. ডি. সি. নির্মিত দরজা হইবে।

জানালা ঃ প্রতিটি জানালায়র সম্পূর্ণ গ্রীল গালানো হইবে এবং বারান্দায় হাফ গ্রীল লাগানো হইবে, জানালা গুলি অ্যালুমিনিয়াম স্লাইডিং জানালা হইবে।

বৈদ্যুতিক করন ঃ সম্পূর্ণ বানসিল ওয়ারিং হইবে। প্রত্যেক বেডরুম ডাইনিং রুম, রান্নাঘর, প্রয়োজনীয় লাইন পয়েন্ট ও প্লাস পয়েন্ট থাকিবে ও বেডরুম ও ডাইনিং রুমে টেলিফোন ও কেবল পয়েন্ট থাকিবে।বিল্ডিং এর প্রত্যেক ফ্ল্যাটের মধ্যে ইন্টারকম কানেকশান থাকিবে। লিফট্, জলের পাম্প এবং কমন প্লেস লাইটিং এর পাওয়ার ব্যাক আপ থাকিবে।

রং ঃ বাহিরের দেওয়ালে ওয়াটার প্রুফ সিমেন্টের রং ব্যবহার ব্যাতীত হইবে।

মেটেরিয়ালস ঃ ১) সিমেন্ট এ. সি. সি. গ্রাসিম, লাফার্জ, কোনারক, আলট্রাটেক, প্রাইম, রামকো আধুনিক, ২) লোহা টাটা, এলিগেন্ট শ্যাম, ৩) ইঁট ১ নং পিকেট, ৪) বালি মোটা (পাতা - ১৭) দানা, ৫) পাথর পাকুর রামপুরহাট, ৬) কনসিল পাইপ জি. আই পাইপ, ৭) প্ল্যাম্বিং পি. ভি. সি., ৮) সাবমার্সিবেল পাম্প (সি. আর. আই. পাম্প) ৯) ইলেকট্রিক কেবল হেবেলস্ ফিনোলেকস্, ১০) সুইচ প্রিতম।

Seal of the Additional District Sub-Registrar * Sonarpur * South 24 Parganas

অতিরিক্ত জেলা অবর-নিবন্ধক * সোনারপুর * দক্ষিণ ২৪ পরগনা

Addl. Dist. Sub-Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023

দাতা / গ্রহীতা		বৃদ্ধাঙ্গুলি	তর্জনী	মধ্যমা	অনামিকা	কনিষ্ঠা
	বাম হাত					
	ডান হাত					

নাম - ....| স্বাক্ষর - ....|

দাতা / গ্রহীতা		বৃদ্ধাঙ্গুলি	তর্জনী	মধ্যমা	অনামিকা	কনিষ্ঠা
	বাম হাত					
	ডান হাত					

নাম - SOMA MONDAL .... স্বাক্ষর - Soma Mondal ....|

দাতা / গ্রহীতা		বৃদ্ধাঙ্গুলি	তর্জনী	মধ্যমা	অনামিকা	কনিষ্ঠা
	বাম হাত					
	ডান হাত					

নাম - RANJAN KANTI DEB. .....| স্বাক্ষর - Ranjan Kanti Deb ....|

দাতা / গ্রহীতা		বৃদ্ধাঙ্গুলি	তর্জনী	মধ্যমা	অনামিকা	কনিষ্ঠা
	বাম হাত					
	ডান হাত					

নাম - PRADIP DATTA. ....| স্বাক্ষর - Pradip Datta ....|

Seal of the Additional District Sub-Registrar ★ Sonarpur ★ South 24 Parganas

Addl. Dist.-Sub Registrar
Sonarpur
South 24 Parganas

27 SEP 2023